

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯১৫
আগরতলা, ১৫ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস
মূর্তি প্রাঙ্গণ-গান্ধীবেদী-এলবার্ট এক্সা পার্কের
শহীদ বেদীতে রাজ্যপালের শ্রদ্ধা জ্ঞাপন

৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সকালে সার্কিটহাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান। এর পর রাজ্যপাল গান্ধীঘাটে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং গান্ধীবেদীতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এই অনুষ্ঠানের পর রাজ্যপাল লিচুবাগানস্থিত এলবার্ট এক্সা পার্কে শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। এই অনুষ্ঠানে কৃষি ও বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। উপস্থিত ছিলেন সাধারণ প্রশাসনের সচিব টি কে দেবনাথ, অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, সদর মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস প্রমুখ। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
